



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

১৩ এপ্রিল ২০২৫

তারিখ:-----

৩০ চৈত্র ১৪৩১

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

বিদ্যুতের সাক্ষরী ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের অভীষ্ট তাপমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে জারিকৃত পরিপত্র নং-০৪.০০.০০০০.৪২৩.৩৫.০০৬.২৪.১০৩ (কপি সংযুক্ত) এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক উক্ত পরিপত্রে বর্ণিত নির্দেশনা যথাযথ পরিপালনের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

২। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)  
পরিচালক (বিআরপিডি)  
ফোন: ৯৫৩০২৫২

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.৩৫.০০৬.২৪.১০৩

১০ ফাল্গুন ১৪৩১  
তারিখ:-----  
২৩ ফেব্রুয়ারি ২০২৫

পরিপত্র

**বিষয়: বিদ্যুতের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের অভীষ্ট তাপমাত্রা নির্ধারণ।**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় থেকে বিদ্যুতের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে সরকারি-বেসরকারি দপ্তর ও গৃহস্থালিতে ব্যবহৃত শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের অভীষ্ট তাপমাত্রা সর্বনিম্ন ২৫° সেলসিয়াসে নির্ধারণের পরামর্শ পাওয়া গেছে।

২। এবার রমজান, গ্রীষ্মকাল ও সেচ মৌসুম একই সময়ে শুরু হবে। সেজন্য আসন্ন মৌসুমে বিদ্যুতের চাহিদা বহুাংশে বৃদ্ধি পাবে। শীতাতপ থার্মোস্ট্যাট নির্ধারিত তাপমাত্রায় ব্যবহারের মাধ্যমে এ চাহিদা নিয়ন্ত্রণ করা সম্ভব।

৩। এমতাবস্থায়, সকল সরকারি, স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের তাপমাত্রা ২৫° সেলসিয়াস বা এর উপরে নির্ধারণ সংক্রান্ত সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

৪। এ সংক্রান্ত সিদ্ধান্ত বিভিন্ন ব্যবসায় সংগঠনের মাধ্যমে বেসরকারি খাতকে অবহিতকরণের জন্য বাণিজ্য মন্ত্রণালয়কে এবং বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাসমূহকে অবহিতকরণের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এনজিও বিষয়ক ব্যুরোকে অনুরোধ করা হলো।

(স্বাক্ষরিত)  
জাহেদা পারভীন  
অতিরিক্ত সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ), প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল), তাঁর বিভাগের সকল জেলা প্রশাসককে অবহিত করার জন্য অনুরোধ করা হল।
- ৪। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো।
- ৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, তাঁকে উপর্যুক্ত পরিপত্রটি বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে এবং জাতীয় দৈনিক পত্রিকাসমূহে জরুরি ভিত্তিতে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হল।
- ৬। মাননীয় উপদেষ্টাগণের একান্ত সচিব।